কুষ্টিয়ার দৌলতপুরে লাঠির আঘাতে চাচাতো ভাইয়ের মৃত্যু

কুষ্টিয়ার দৌলতপুরে মাদকাসক্ত ভাইয়ের লাঠির আঘাতে চাচাতো ভাই নিহত হয়েছেন। আজ শনিবার (২৩ নভেম্বর) সকালে উপজেলার হোগলবাড়িয়া ইউনিয়নের সোনাইকুন্ডি লস্কর পাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত আপেল লস্কর (৫০) মাছ ব্যবসায়ী ছিলেন, আর তার চাচাতো ভাই সাজেদুল লস্কর (৩২) মাদকাসক্ত হওয়ায় তার নেশার জন্য টাকা সংগ্রহ করতে গিয়ে এ নৃশংস হত্যাকাণ্ড ঘটায়। স্থানীয়রা ঘাতক সাজেদুলকে আটক করে পুলিশে সোপর্দ করেছে।

নিহত আপেল লস্কর সোনাইকুন্ডি লস্কর পাড়া এলাকার মৃত আমজাদ লস্করের ছেলে ও আটক সাজেদুল লস্কর মৃত রেজওয়ান লস্করের ছেলে।

স্থানীয়দের বরাত দিয়ে পুলিশ জানায়, আজ শনিবার ভোরে আপেল লস্কর বাড়ি থেকে ভেড়ামারায় মাছ কেনার উদ্দেশে যাচ্ছিলেন। বাড়ির সামনে রাস্তায় পৌঁছালে আগে থেকে ওত পেতে থাকা সাজেদুল মোটা একটি লাঠি দিয়ে আপেলের মাথায় আঘাত করলে তার মৃত্যু হয়। এ সময় স্থানীয়রা তাকে ধরে ফেলে পুলিশকে খবর দেয়।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ আউয়াল কবির বিষয়টি নিশ্চিত করে বলেন, চাচাতো ভাইয়ের লাঠির আঘাতে আপেল লস্কর নামের একজনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় চাচাতো ভাইকে আটক করা হয়েছে। আপেল লস্কর মাছ ব্যবসায়ী ছিলেন। সে সকালে টাকা নিয়ে মাছ কিনতে যাচ্ছিল এসময় মাদকাসক্ত সাজেদুল নেশার টাকা ম্যানেজ করতে আপেল লস্করের কাছে থাকা টাকা নিয়ে যাওয়ার সময় লাঠি দিয়ে আঘাত করে আপেল লস্করের হত্যা করে। নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া সদর হাসপাতাল মর্গে পাঠানো হচ্ছে।